



স্মারক নম্বর: ৪৬.৪২.১৮০০.০০৩.১১.০০৭.২৬.৭৩৮

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬


নিয়োগপত্র

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের জেলা পরিষদের জনবল নিয়োগ সংক্রান্ত নির্দেশনা মোতাবেক চুয়াডাঙ্গা জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথ অনুসরণের শর্তে চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত “গাড়ি চালক” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০ বেতন স্কেলে নিম্নবর্ণিত প্রার্থীকে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	রোল নম্বর	চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর নাম ও ঠিকানা
১ম	০৭	মোঃ শাহরুখ আহমেদ পিতা: মোঃ রওশন আলী মাতা: মোছাঃ ফাহিমা খাতুন গ্রাম: হাটকালুগঞ্জ, পো: চুয়াডাঙ্গা-৭২০০ উপজেলা: চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা

শর্তাবলিঃ

- ১। চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত কাগজ/সনদপত্রে কোনরূপ অসংলগ্নতা পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ২। নিয়োগবিধির শর্তানুসারে যোগদানকৃত প্রার্থী ০৬ (ছয়) মাস শিক্ষানবিস হিসেবে নিয়োজিত থাকবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন তবে তাকে কোন কারণ দর্শানো ছাড়াই চাকুরি থেকে অপসারণ করা হবে;
- ৩। চাকুরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, “তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না”;
- ৪। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্র দাখিল করতে হবে;
- ৫। যোগদানকৃত প্রার্থীদের চাকুরি প্রচলিত নিয়ম-নীতি এবং সংশ্লিষ্ট পদের স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথ অনুসরণের শর্তে পরিচালিত হবে;
- ৬। এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- ৭। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;
- ৮। উপরিউক্ত শর্তাবলি পূরণ সাপেক্ষে গাড়ি চালক পদে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ০৮/১০/২০২৬ তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


২৬/০৯/২০২৬
মুকুল কুমার মৈত্রী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ
চুয়াডাঙ্গা।

ফোন: ০২৪৭৭৭৮৯৩৪৯


ই-মেইল: zillaparishadchuadanga88@gmail.com

স্মারক নম্বর: ৪৬.৪২.১৮০০.০০৩.১১.০০৭.২৬.৭৩৮

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা;
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা;
- ৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা;
- ৫। প্রশাসক, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা;
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা (জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা-এর প্রতিনিধি);
- ৭। সিভিল সার্জন, চুয়াডাঙ্গা;
- ৮। মেডিকেল অফিসার (এমওসিএস), চুয়াডাঙ্গা (সিভিল সার্জন, চুয়াডাঙ্গা-এর প্রতিনিধি);
- ৯। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চুয়াডাঙ্গা;
- ১০। সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, চুয়াডাঙ্গা;
- ১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা;
- ১২। হিসাব রক্ষক, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা;
- ১৩। জনাব মোঃ শাহরুখ আহমেদ, পিতা: মোঃ রওশন আলী, মাতা: মোছাঃ ফাহিমা খাতুন, গ্রাম: হাটকালুগঞ্জ, পো: চুয়াডাঙ্গা-৭২০০, উপজেলা: চুয়াডাঙ্গা সদর, জেলা: চুয়াডাঙ্গা;
- ১৪। নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা (ওয়েবসাইটে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের জন্য);
- ১৫। অফিস কপি;



মুকুল কুমার মৈত্রী
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ
চুয়াডাঙ্গা।

ফোন: ০২৪৭৭৭৮৯৩৪৯

ই-মেইল: zillaparishadchuadanga88@gmail.com